

## 🗏 সাবা | Saba | سُبَأ

আয়াতঃ ৩৪: ৪৪

## **া** আরবি মূল আয়াত:

## 

আর আমি তাদেরকে কোন কিতাব দেইনি যা তারা অধ্যয়ন করত, এবং তোমার পূর্বে তাদের প্রতি আর কোন সতর্ককারীও প্রেরণ করিনি। — আল-বায়ান

আমি তাদেরকে (অর্থাৎ মক্কার কুরায়শদের) কোন কিতাব দেইনি যা তারা পাঠ করত আর আমি তোমার পূর্বে তাদের কাছে কোন সতর্ককারীও পাঠাইনি। — তাইসিক্রল

আমি তাদেরকে পূর্বে কোন কিতাব দিইনি যা তারা অধ্যয়ন করত এবং তোমার পূর্বে তাদের নিকট কোন সতর্ককারীও প্রেরণ করিনি। — মুজিবুর রহমান

And We had not given them any scriptures which they could study, and We had not sent to them before you, [O Muhammad], any warner. — Sahih International

- 88. আর আমরা তাদেরকে আগে কোন কিতাব দেইনি। যা তারা অধ্যয়ন করত। এবং আপনার আগে এদের কাছে কোন সতর্ককারীও প্রেরণা করিনি।(১)
  - (১) কাতাদাহ বলেন, আল্লাহ্ তা'আলা আরব জাতির কাছে কুরআনের আগে কোন কিতাব পাঠান নি এবং মুহাম্মদ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লামের আগে (দূর অতীতে) কোন নবীও পাঠান নি। [তাবারী]

তাফসীরে জাকারিয়া

- (৪৪) আমি পূর্বে এ (মক্কাবাসী)দেরকে কোন গ্রন্থ দিইনি, যা এরা অধ্যয়ন করতে পারে এবং তোমার পূর্বে এদের নিকট কোন সতর্ককারীও প্রেরণ করিনি। [1]
  - [1] এই জন্য তারা আকাজ্ফা পোষণ করত, যেন তাদের নিকটেও কোন পয়গম্বর আসেন এবং আসমানী কোন গ্রন্থ অবতীর্ণ হয়। কিন্তু যখন তা এসে গেল, তখন তারা অস্বীকার করে বসল।

তাফসীরে আহসানুল বায়ান



• Source — https://www.hadithbd.com/quran/link/?id=3650

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন